
# CMP ব্যবহারকারী নির্দেশিকা

## উপ-বিভাগীয় প্রকৌশলী (SDE)

- SDE প্রথমে https://apps.pwd.gov.bd/ লিঙ্ক হতে login মেনুতে প্রবেশ করবেন।
- LMS সফটওয়ারে নিবন্ধিত ইমেইল ও মোবাইল নম্বর ইনপুট দিবেন।
- এরপর CMP এর জন্য নির্ধারিত পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করলে রেজিস্টার্ড মোবাইল নম্বরে একটি OTP আসবে।
- OTP সঠিক হলে সফটওয়ারে প্রবেশ করা যাবে।
- নতুন প্রকল্পে প্রবেশ অথবা বিদ্যমান প্রকল্পে তথ্যাদি দেখার অপশন আসবে। যে কোন একটি তে প্রবেশ করলে প্রকল্পের নামসহ নিম্নের ৪টি মেনু দেখা যাবে।




এরপর, SDE ধারাবাহিকভাবে উপরে বর্ণিত ৪টির মধ্যে ৩টি মেনুতে প্রবেশ করবেন ও ডাটা ইনপুট দিবেন। ঠিকাদার কর্তৃক Work Program দাখিলের পর Progress Monitoring মেনুতে তথ্য প্রদান করা যাবে।

**1. Project Information, Contacts & Responsibilities**

- প্রকল্প ও প্যাকেজ সংক্রান্ত প্রাথমিক তথ্যাদি, Contacts ইত্যাদি ইনপুট প্রদান করে সেভ করুন।

**2. Construction Checklist**

- নির্মাণ কাজের বিভিন্ন পর্যায়ে Checklist পূরণ করবেন।
- প্রয়োজনীয় ছবি ও তথ্য সংযুক্ত করবেন।

- Checklist Submit করলে সংশ্লিষ্ট সকলের জন্য দৃশ্যমান হবে এবং SMS এর মাধ্যমে তাৎক্ষণিক link প্রেরিত হবে।

**3. Quality Control**

- **Test Calculator** এর মাধ্যমে CMP এর গাইডলাইনে বর্ণিত frequency তে কতটি Material Test সম্পাদন করতে হবে এবং আনুমানিক কত টাকা প্রয়োজন হবে তা জানা যাবে যা প্রকল্পের শুরুতেই ঠিকাদারকে অবহিত করতে হবে।
- SDE প্রয়োজনীয় Material Test Request ফরম পূরণ করে প্রেরণ করবে।
- জোনাল ল্যাবে পরীক্ষার পর Assitant Engineer ফলাফল ইনপুট করবে।
- Staff Officer রিপোর্ট যাচাই ও অনুমোদন করবেন।
- অনুমোদিত রিপোর্ট সংশ্লিষ্ট সকলের জন্য দৃশ্যমান হবে এবং SMS এর মাধ্যমে তাৎক্ষণিক link প্রেরিত হবে।

**4. Progress Monitoring**

- ঠিকাদার CMP সিস্টেম এ ঢুকে Work Program দাখিল করার পর উপ-বিভাগীয় প্রকৌশলী Actual Work Progress সংক্রান্ত তথ্য ইনপুট দিবেন। Send করলে SMS এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট তাৎক্ষণিক রিপোর্টের link প্রেরিত হবে।
- প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন, বিলম্ব হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

---

## উপ-সহকারী প্রকৌশলী (SAE)

- SDE কর্তৃক নিবন্ধিত ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে https://apps.pwd.gov.bd/cmp/login.php লিংকে প্রবেশ করবেন।

- একটি OTP প্রেরণ করা হবে। OTP সঠিকভাবে যাচাই হলে CMP সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

### Construction Checklist

- নির্মাণকাজের বিভিন্ন পর্যায়ে Construction Checklist পূরণ করবেন।
- প্রয়োজনীয় ছবি, তথ্য ও মন্তব্য সংযুক্ত করবেন।
- Checklist Submit করলে তা স্বয়ংক্রিয়ভাবে SDE এবং XEN-এর নিকট দৃশ্যমান হবে।

উপ-সহকারী প্রকৌশলী **CMP** অন্যান্য তিনটি মেনুর সকল তথ্যাদি দেখতে পারবেন।

---

## ঠিকাদার (Contractor)

- SDE কর্তৃক নিবন্ধিত ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে https://apps.pwd.gov.bd/cmp/login.php লিংকে প্রবেশ করবেন।
- একটি OTP প্রেরণ করা হবে। OTP সঠিকভাবে যাচাই হলে CMP সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

### Progress Monitoring

- শুরুতেই প্রকল্পের Work Program এ ডাটা ইনপুট প্রদান করবেন। স্বয়ংক্রিয়ভাবে Bar Chart প্রস্তুত হবে।
- প্রকল্পের অগ্রগতি, বিলম্ব এবং Lag Days পর্যবেক্ষণ করবেন। প্রকল্পের কাজ তরান্বিত করার ব্যবস্থা নিবেন।

### Construction Checklist ও Quality Control

- Checklist এবং Material Test Report-এর রিপোর্ট ঠিকাদার তার ড্যাশবোর্ডে এবং SMS Notification Link-এর মাধ্যমে দেখতে পারবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় Rectification সম্পন্ন করবেন।

---

## সহকারী প্রকৌশলী (জোন/সার্কেল)

ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন। OTP যাচাইয়ের পর সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

- প্রাপ্ত Material Test Request গ্রহণ করবেন।
- ল্যাব পরীক্ষার ফলাফল সফটওয়্যারে ইনপুট করবেন।
- Test Report প্রস্তুত করে অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

---

## স্টাফ অফিসার (জোন)

ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন। OTP যাচাইয়ের পর সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

- Assistant Engineer কর্তৃক প্রেরিত Test Report যাচাই করবেন।
- রিপোর্ট অনুমোদন অথবা সংশোধনের জন্য ফেরত পাঠাবেন।
- অনুমোদিত রিপোর্ট ইস্যু করবেন।
- Material Test Summary Dashboard পর্যবেক্ষণ করবেন। Rectification এর প্রয়োজন হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে তাগিদ প্রদান করবেন।

---

# নির্বাহী প্রকৌশলী (XEN)

- LMS-এ সংরক্ষিত অফিসিয়াল ই-মেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন।
- সফলভাবে Login করার পর তার বিভাগে CMP তে নিবন্ধিত সকল প্রকল্প দেখতে পাবেন। সংশ্লিষ্ট প্রকল্প নির্বাচন করে Dashboard-এ প্রবেশ করবেন।

### Construction Checklist

- দাখিলকৃত Checklist Submission পর্যবেক্ষণ করবেন।
- প্রয়োজনীয় Rectification নিশ্চিত করবেন। গুরুতর অসংগতির ক্ষেত্রে Rectification নিশ্চিত করে নির্মাণ কাজের অনুমতি প্রদান করবেন।
- ত্রুটিপূর্ণ Checklist পুনরায় দাখিলের জন্য ফেরত পাঠাবেন।

### Quality Control

- Material Test Request, Test Status এবং Approved Report পর্যবেক্ষণ করবেন।
- Rectification নিশ্চিত করে নির্মাণ কাজের অনুমতি প্রদান করবেন।

### Progress Monitoring

- Original Work Program vs Actual Progress অনুযায়ী কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন।
- বিলম্বিত কার্যক্রম চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

---

# তত্ত্বাবধায়ক প্রকৌশলী (SE)

ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন। OTP যাচাইয়ের পর সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

- সার্কেলভুক্ত সকল বিভাগের Checklist Status পর্যবেক্ষণ করবেন।
- Material Test Status ও Approved Reports পর্যবেক্ষণ করবেন।
- Progress Monitoring Dashboard-এর মাধ্যমে প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন করবেন।
- প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

---

## অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ACE)

ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন। OTP যাচাইয়ের পর সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

- জোনভুক্ত সকল বিভাগের Checklist, Quality Control এবং Progress Monitoring তথ্য পর্যবেক্ষণ করবেন ও প্রযোজ্য ক্ষেত্রে নির্দেশনা দিবেন।
- প্রকল্পসমূহের অগ্রগতি মূল্যায়নে বিশেষ নজরদারি করবেন।
- প্রয়োজনীয় প্রশাসনিক ও কারিগরি নির্দেশনা প্রদান করবেন।

---

## প্রধান প্রকৌশলীর কার্যালয় (CE)

ইমেইল ও মোবাইল নম্বর ব্যবহার করে লগইন করবেন। OTP যাচাইয়ের পর সফটওয়্যারে প্রবেশ করা যাবে।

- কেন্দ্রীয় Dashboard-এর মাধ্যমে সকল বিভাগের কার্যক্রম পর্যবেক্ষণ করবেন।
- Checklist Compliance, Material Testing এবং Project Progress মূল্যায়ন করবেন।
- বিলম্বিত ও ঝুঁকিপূর্ণ প্রকল্প শনাক্ত করবেন।
- প্রয়োজনীয় নীতিগত ও প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করবেন।

## গুরুত্বপূর্ণ নির্দেশনা

✓ সকল তথ্য সঠিকভাবে যাচাই করে Submit করুন।
✓ প্রয়োজনীয় ক্ষেত্রে প্রযোজ্য ছবি ও ডকুমেন্ট সংযুক্ত করুন।
✓ Dashboard-এ প্রদর্শিত Pending Action নিয়মিত পর্যবেক্ষণ করুন।

✓ Submit-এর পর তথ্য সংশ্লিষ্ট ঠিকাদার ও কর্মকর্তাদের নিকট দৃশ্যমান হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে SMS Notification প্রেরিত হবে।